

নোয়াখালী বিশ্ববিদ্যালয় চার শিক্ষিকাকে যৌন হয়রানি, চার ছাত্র সাময়িক বহিষ্কার

নিজস্ব প্রতিবেদক, নোয়াখালী ১

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) চার শিক্ষিকার সঙ্গে অশালীন আচরণের অভিযোগে চার শিক্ষিকাকে সাময়িক বহিষ্কার ও ক্যাম্পাসে তাদের অবস্থান থেকে ঘোষণা করা হয়েছে। গতকাল রাতে উপাচার্য এ নিদেশ দেন বলে জানিয়েছেন প্রক্টর অধ্যাপক মুশফিক রহমান।

জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষিকা গতকাল বিকেল ৫টার দিকে ক্যাম্পাসের পুকুড়িপাড়ায় বসে আলাপ করছিলেন। এ সময় সেখানে এসে বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের নবম ব্যাচের ছাত্র মাহমুদুল হাসান মামুন, কৃষি বিভাগের দশম ব্যাচের ছাত্র খায়রুল বাশার বিপ্লব, ফলিত গণিত বিভাগের দশম ব্যাচের শাহিন আলম স্বাধীন এবং তথ্য ও যোগাযোগ প্রকৌশল বিভাগের সবুজ ইসলাম শিক্ষিকাদের সঙ্গে অশালীন আচরণ ও উত্ত্যক্ত করে। বিষয়টি তারা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করেন। বিষয়টি নিশ্চিত হওয়ার পর শিক্ষকদের সঙ্গে আলোচনা করে নোবিপ্রবির উপাচার্য ড. আহিদুজ্জামান নির্বাহী আদেশের মাধ্যমে রাতেই ওই চার ছাত্রকে সাময়িক বহিষ্কার ও ক্যাম্পাসে অবস্থিত ঘোষণা করেন। একই সঙ্গে অভিযুক্ত চার ছাত্রের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া এবং কেন তাদের স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না-মর্মে সাত দিনের সময় দিয়ে প্রক্টরকে নোটিশ দিতে বলা হয়। ঘটনার পর থেকে ওই ছাত্ররা পলাতক।